

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
রাজশাহী।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহীর সম্মেলন কক্ষ (২য় তলা) সুশাসন প্রতিষ্ঠা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং সেবা প্রদান বিষয়ক স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিত করণ অনুষ্ঠিত সভার কার্য বিবরণী :-

সভাপতি : মো: রফিকুল ইসলাম, সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী।
স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহীর সম্মেলন কক্ষ (২য় তলা)।
তারিখ : ১৯-০৬-২০২৩ খ্রি:।
সময় : ১০.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা : পরিশিষ্ট "ক"।

সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অনুষ্ঠিত সভায় উপস্থিত সরকারি/বেসরকারি ও বিভিন্ন সংস্থা হতে আগত প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভায় দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও প্রদত্ত সেবার মান বৃদ্ধির লক্ষ্যে আলোচনায় সভাপতি জানান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সরকারের একটি সেবামুখী প্রতিষ্ঠান। দুর্ভাগ্য সাহস, অমিত মনোবল আর দৃঢ় প্রত্যয়ে গতি, সেবা ও ত্যাগের মূলমন্ত্রে উজ্জীবিত হয়ে এই প্রতিষ্ঠানের কর্মীগণ সর্বদা মানব সেবায় নিয়োজিত। প্রাকৃতিক ও মানবসৃষ্ট সকল দুর্ঘটনায় সরকারের প্রথম সাড়া দানকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।

২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করে থাকে। এই সেবা প্রক্রিয়ায় নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিত করে। দায়বদ্ধতা নিশ্চিতকরণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কি ধরনের সেবা প্রদান করে, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানের পদ্ধতি ইত্যাদি বিষয়ে সভাপতি আলোচনা করেন। কর্মকর্তা/কর্মচারীদের সাথে সুশাসন জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালু আছে। কোন অভিযোগ থাকলে সে সম্পর্কে অবগত করার জন্য ডাকযোগে, ওয়েবসাইটের সেবাবক্সের মাধ্যমে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বক্সে অভিযোগ দাখিলের জন্য ফরম দেয়া আছে, কোন অভিযোগ থাকলে নির্ধারিত ফরম পূরণ করে অভিযোগ দাখিল করা যায়। প্রতি কার্যদিবসে অভিযোগ বক্স পরিবীক্ষণ করা হয়। তাছাড়া ডাকযোগে অভিযোগ আসলে অধিদপ্তরের তদন্ত শাখার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহীর সকল জেলার ওয়েবসাইট হালনাগাদ নিশ্চিত করতে হবে।

৩। পরিশেষে সভায় অংশগ্রহণকারী সকলকে বিভিন্ন দুর্ঘটনা-দুর্ঘটনায় সমন্বিতভাবে মোকাবিলার আহ্বান জানান। এছাড়া ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের হট লাইন নং ১৬১৬৩ এর মাধ্যমে জনগণের নিকট সেবার মান বৃদ্ধি পেয়েছে। শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম, সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করত: বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রায় অত্র বিভাগের সক্ষমতা বৃদ্ধির জন্য বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্বাঃ
(মো: রফিকুল ইসলাম)
সহকারী পরিচালক
মোবাইল নং ০২৫৮৮-৮৫০৫০১।

তারিখ:

স্মারক নং-৫৮.০৩.৫০৮১.০০২.০৬.১৩৬.২২.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী/টোপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ।
৫. সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ----- (সকল)।
৫. ওয়ারহাউজ ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী-১/২/৩/৪/৫/৬/৭।
৬. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ----- (সকল)।
৭. স্টাফ অফিসার, উপ-সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী।

(মো: রফিকুল ইসলাম)
সহকারী পরিচালক
মোবাইল নং ০২৫৮৮-৮৫০৫০১।